

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

তাগিদপত্র

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০১.১৭.১১৮

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬

২৯ মে ২০১৯

বিষয়: গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলাধীন উদয়ন বিদ্যাপীঠ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে এডহক কমিটি গঠন সংক্রান্ত।

সূত্র: (১) দিলীপ দাস (ছাত্র অভিভাবক), উদয়ন বিদ্যাপীঠ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, কাশিয়ানী, গোপালগঞ্জ এর আবেদন।

(২) অত্র বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০১.১৭.১০৪, তারিখ: ০৮ মে ২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ১৮৩৪/২০১৯ এর কপি প্রেরণ করে মহামান্য আদালতের নির্দেশনার প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য সূত্রোক্ত ২ নং স্মারকে অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি এ বিষয়ে মন্ত্রণালয়কে অবহিত করা হয়নি।

০২। এমতাবস্থায়, গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলাধীন উদয়ন বিদ্যাপীঠ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে এডহক কমিটি গঠনের বিষয়ে গৃহিত কার্যক্রম আগামী ৩ (তিন) কর্মদিবসের মধ্যে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৯-৫-২০১৯

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল: ds\_sec2@moedu.gov.bd

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০১.১৭.১১৮/১(৩)

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬

২৯ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) জনাব দিলীপ দাস, গ্রাম- মহাটালী, পো: উজানী, উপজেলা: মুকসুদপুর, জেলা- গোপালগঞ্জ।

২৯-৫-২০১৯

আনোয়ারুল হক

উপসচিব